কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
www.dae.gov.bd

স্মারক নং- ৯১৯৬ তারিখঃ ২৬/০৪/২০২৪

বিষয় ঃ সর্বজনীন পেনশন স্কিম মাঠ পর্যায়ে সুষ্ঠ ও সফলভাবে বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে প্রধানমন্ত্রী কার্যালয়ের ১৮/০৩/২০২৪ তারিখের ০৩.০০.০০০০.০৮২.৯৯.৮৪.২০২৪-১৮ সংখ্যক ও কৃষি মন্ত্রণালয়ের ০৩/০৪/২০২৪ খ্রিঃ তারিখের ১২.০০.০০০০.০১২.৩২.০০৮.১৪.৩৩০ সংখ্যক স্মারকে প্রাপ্ত সর্বজনীন পেনশন স্কিম মাঠ পর্যায়ে সুষ্ঠ ও সফলভাবে বাস্তবায়ন সংক্রান্ত পরিপত্রটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। পরিচালক (সকল উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
২। অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
৩। অধ্যক্ষ (সকল), কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট।
৪। উপপরিচালক (সকল জেলা), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
৫। উপপরিচালক, হর্টিকালচার সেন্টার (সকল)।
৬। উপপরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র (সকল স্থলবন্দর/ বিমানবন্দর)।
৭। উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস (সকল)।

২৬/০৪/২০২৪
(মুহাম্মদ আবদুল হাই)
উপপরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
প্রশাসন ও অর্থ উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।
২৬/০৪/২০২৪

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩। কল্যাণ কর্মকর্তা, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moa.gov.bd

স্মারক নং-১২.০০.০০০০.০১২.৩২.০০৮.১৪.৩৩০

তারিখ: ২০ চৈত্র ১৪৩০ / ০৩ এপ্রিল ২০২৪

**বিষয়: সর্বজনীন পেনশন স্কিম মাঠ পর্যায়ে সুষ্ঠ ও সফলভাবে বাস্তবায়ন সংক্রান্ত**

সূত্র: প্রধানমন্ত্রী কার্যালয়ের ১৮/০৩/২০২৪ তারিখের ০৩.০০.০০০০.০৮২.৯৯.৮৪.২০২৪-১৮ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে প্রধানমন্ত্রী কার্যালয় হতে প্রাপ্ত সর্বজনীন পেনশন স্কিম মাঠ পর্যায়ে সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়ন সংক্রান্ত সূত্রোক্ত পরিপত্রটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ......................পাতা

Office of the Director General, DAE
- Director A&FW
- Director FSW
- Director CW
- Director HW
- Director TW
- Director PPW
- Director PQW
- Director PPIICT
- PA/PS to DG
- Others ............
- Attention ............
- Sign
- Issue No.
- Date

(শেখ হাফিজুর রহমান)
উপসচিব
ফোন: ২২৩৩৫৭৪২৯
ই-মেইল: admin1@moa.gov.bd

**বিতরণ (মন্ত্রণালয়) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/পরিকল্পনা/সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। যুগ্মসচিব (সম্প্রসারণ/গবেষণা/পিপিসি/নিরীক্ষা অনুবিভাগ)/মহাপরিচালক (বীজ উইং), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তথ্যটি ওয়েবসাইটে আপডেটের অনুরোধসহ)

**বিতরণ (দপ্তর/সংস্থা) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা
০২। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশা বা.এ, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, আড়াইহাজার, নারায়ণগঞ্জ, ঢাকা
০৪। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা
০৫। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা
০৬। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
০৭। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
০৮। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা
০৯। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ
১০। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা
১১। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, জয়দেবপুর, গাজীপুর
১২। মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর
১৩। মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা
১৪। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা
১৫। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বহরমপুর, রাজশাহী
১৬। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর
১৭। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি:**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০৮২.৯৯.৮৪.২০২৪-১৮

৪ চৈত্র ১৪৩০
১৮ মার্চ ২০২৪

পরিপত্র

সর্বজনীন পেনশন স্কিম মাঠ পর্যায়ে সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ ও পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

১। উদ্বুদ্ধকরণ কার্যক্রম :

১.১। সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কে জনগণকে সম্যকভাবে অবহিত ও আগ্রহী করার লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে সভা-সমাবেশ, র‍্যালি, উদ্বুদ্ধকরণ মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি আয়োজন করতে হবে। এরূপ উদ্বুদ্ধকরণ কার্যক্রমে জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ, বিভিন্ন পেশাজীবি সংগঠনের নেতৃবৃন্দ, গণমাধ্যম কর্মী ইত্যাদি কমিউনিটিকে সম্পৃক্ত করতে হবে।

১.২। জেলা ও উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় 'সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়ন অগ্রগতি' শীর্ষক এজেন্ডা অন্তর্ভুক্ত করতে হবে।

১.৩। অধিক জনসমাগম হয় এমন স্থান যেমন: হাট-বাজার, গ্রোথ সেন্টার, গ্রামীন মেলা ইত্যাদি জায়গায় জেলা ও উপজেলা তথ্য অফিসের মাধ্যমে সর্বজনীন পেনশন স্কিমের বিজ্ঞাপন, জিঙ্গেল, ভিডিও নিয়মিত প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১.৪। সম্ভাব্য টার্গেট জনগোষ্ঠীর মাঝে সর্বজনীন পেনশন স্কিম সংক্রান্ত লিফলেট, বুকলেট, ফ্লায়ার ইত্যাদি বিতরণ করা এবং এ স্কিমের সুফল সম্পর্কে ধারণা প্রদান করতে হবে।

১.৫। জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ জেলা-উপজেলার সংশ্লিষ্ট দপ্তরসমূহে হেল্পডেস্ক/ ফ্রন্টডেস্কের মাধ্যমে আগত সেবা গ্রহিতাদের সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কে ধারণা ও অংশগ্রহণে উৎসাহিত করতে হবে। এসকল হেল্পডেস্ক / ফ্রন্টডেস্ক হতে সেবা প্রার্থীদের সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কিত তথ্যাদি সরবরাহ করতে হবে।

১.৬। ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহে (UDC) প্রয়োজনে সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কিত পৃথক ডেস্ক স্থাপন করে সমরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে।

১.৭। বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে দাপ্তরিক প্রশিক্ষণ কর্মসূচীতে 'সর্বজনীন পেনশন স্কিম' বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

১.৮। জেলা ও উপজেলা পর্যায়ের সকল এনজিওকে এ কার্যক্রমে সম্পৃক্ত করতে হবে।

১.৯। জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরকে এ কার্যক্রমে সম্পৃক্ত করতে হবে।

শাখায় প্রাপ্তির তারিখ ২৫/৩/২৪
ডায়েরি নম্বর ৬৮৫
উপস্থাপনের তারিখ

অতিরিক্ত সচিব
তারিখ: ২৪/৩/২৪ স্বাক্ষর

১.১০। উঠান বৈঠক, তথ্য আপা, কমিউনিটি ক্লিনিক ইত্যাদি মাধ্যমে প্রচারণার উদ্যোগ গ্রহণ করতে হবে। স্থানীয় ক্যাবল টিভি নেটওয়ার্কে সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কে টিভি স্ক্রল প্রদর্শনের উদ্যোগ গ্রহণ করা। সিনেমা হলগুলোতে শো শুরু হওয়ার পূর্বে এবং মধ্য বিরতিতে সর্বজনীন পেনশন স্কিমের ভিডিও প্রদর্শনের নির্দেশনা প্রদান করতে হবে।

১.১১। স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদেরকে সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কে সচেতন করে তাদের মাধ্যমে অভিভাবকদের উদ্বুদ্ধ করতে শিক্ষা প্রতিষ্ঠানে এ বিষয়ে আলোচনা অনুষ্ঠান, বিতর্ক প্রতিযোগিতা, রচনা লিখন প্রতিযোগিতা ইত্যাদির আয়োজন করতে হবে।

১.১২। ইমাম/ পুরোহিতদের মাধ্যমে মসজিদ/ উপসনালয়ে সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কে বয়ান/ খুতবা কিংবা আলোচনা অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

১.১৩। সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কে জনগণকে সম্যকভাবে অবহিত ও আগ্রহী করার লক্ষ্যে বহুমুখী প্রচারের ব্যবস্থা করতে হবে।

১.১৪। উপরোল্লিখিত নির্দেশনাসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনে স্থানীয়ভাবে প্রযোজ্য অন্যান্য যেকোন কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

২। <u>নিবন্ধন কার্যক্রম :</u>

২.১। ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) গুলোকে সর্বজনীন পেনশন স্কিমের নিবন্ধনের জন্য উপযুক্ত করে তোলার ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) থেকেই যেন জনগণ বিভিন্ন স্কিমে নিবন্ধন করতে পারে তার সকল ব্যবস্থা রাখতে হবে।

২.২। ডাক বিভাগের ডিজিটাল পোস্ট অফিসের আউটলেটের মাধ্যমে সর্বজনীন পেনশন স্কিমের নিবন্ধন কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করতে হবে।

২.৩। দায়িত্বপ্রাপ্ত ব্যাংকগুলোর শাখাসমূহ ফ্রন্ট অফিস হিসেবে সর্বজনীন পেনশন স্কিমের নিবন্ধন ও অর্থ জমা গ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে। অর্থ জমা প্রদান প্রক্রিয়ায় কোন সমস্যার উদ্ভব হলে তা তাৎক্ষণিকভাবে সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; প্রয়োজনে বিষয়টি জাতীয় পেনশন কর্তৃপক্ষের সহযোগিতায় সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে।

২.৪। নিবন্ধন কার্যক্রম জোরদার করতে প্রয়োজনে সময়ে সময়ে বিশেষ ক্যাম্পেইন ও ভ্রাম্যমান বুথের মাধ্যমে নিবন্ধন কার্যক্রম পরিচালনা করতে হবে।

২.৫। নিবন্ধন সংক্রান্ত যেকোন জটিলতার উদ্ভব হলে তা জাতীয় পেনশন কর্তৃপক্ষকে তাৎক্ষণিকভাবে অবহিত করতে হবে।

৩। <u>মনিটরিং কার্যক্রম :</u>

৩.১। সর্বজনীন পেনশন স্কিম মাঠ পর্যায়ে সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গঠিত বিভাগীয় কমিটি, জেলা কমিটি ও উপজেলা কমিটি কর্তৃক নিয়মিতভাবে পরিবীক্ষণ করতে হবে।

মাঠ পর্যায়ে এ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কোথাও কোন সমস্যা পরিলক্ষিত হলে জাতীয় বাস্তবায়ন ও সমন্বয় কমিটির পরামর্শ গ্রহণ করতে হবে।

৩.২। জাতীয় পেনশন কর্তৃপক্ষ নিজস্ব সাংগঠনিক ব্যবস্থাপনায় যথাপদ্ধতিতে সার্বিক মনিটরিং কার্যক্রম পরিচালনা করবে।

৩.৩। যথাযথভাবে মনিটরিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় পেনশন কর্তৃপক্ষ অবিলম্বে যথোপযুক্ত ডিজিটাল পরিকাঠামো চালু করাসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪। উল্লিখিত নির্দেশনাসমূহ অগ্রাধিকারভিত্তিতে বাস্তবায়নে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

১৮.০৩.২০২৪

(মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি)
মহাপরিচালক (প্রশাসন)
প্রধানমন্ত্রীর কার্যালয়
☎: +৮৮-০২-৫৫০২৯৫০০
ahsankibrias@gmail.com

<u>বিতরণ : কার্যার্থে</u>

১। বিভাগীয় কমিশনার (সকল)
২। জেলা প্রশাসক (সকল)
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

<u>অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে</u>

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব/ সচিব, ............................................(সকল)
৩। নির্বাহী চেয়ারম্যান, জাতীয় পেনশন কর্তৃপক্ষ, ৪৩ কাকরাইল, ঢাকা
৪। মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৫। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৬। পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৭। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/ সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৮। ....................................................................................

| | |
|---|---|
| মহাপরিচালক (প্রশাসন) অধিশাখা | |
| প্রশাসন-১ শাখা | |
| প্রশাসন-২ অধিশাখা | |
| প্রশাসন-৩ অধিশাখা | |
| প্রশাসন-৪/মনিটরিং ও রিপোর্টিং শাখা | |
| প্রশাসন-৫ অধিশাখা | |
| আইসিটি সেল | |
| হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| লাইব্রেরি | |
| ব্যক্তিগত কর্মকর্তা | |
| অন্যান্য | |
| নম্বর: ৫১৪ | স্বাক্ষর |

২৮/৩/২৪